



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

----

নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.০০.০০১.২০.৩৪

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ গঠনে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫২, তারিখ: ১৮/১১/২০২৪

২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩, তারিখ: ১৮/১১/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত-১ নং ক্রমিকের পত্রমূলে বিদ্যমান পরিস্থিতিতে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর প্রবিধি ৬৪(৩) এর "স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে," শব্দাবলির কার্যকারিতা সম্ভব নয়। উক্ত প্রবিধানমালার ৭৫ এর ক্ষমতাবলে প্রবিধি ৬৪(৩) উক্ত শব্দাবলির স্থলে নিম্নরূপ শব্দাবলি প্রতিস্থাপন করা হলো:

| বিদ্যমান শব্দাবলি   | প্রতিস্থাপিত শব্দাবলি  |
|---|--|
| ৬৪(৩)- সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩(তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন। | ৬৪(৩)- সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/ অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩(তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন। |

সূত্রোক্ত-২ নং ক্রমিকের পত্রমূলে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর প্রবিধি ৬৪ এর আওতায় এডহক কমিটি গঠনপূর্বক উক্ত এডহক কমিটি কর্তৃক আগামী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে

- এই বিজ্ঞপ্তি প্রকাশের পর সকল কমিটি বিলুপ্ত বলে গণ্য হবে।
- তবে যে সকল প্রতিষ্ঠানের এডহক কমিটি শিক্ষাবোর্ডে অনুমোদনের অপেক্ষায় আছে; ঐ সকল প্রতিষ্ঠানকে স্ব স্ব ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসকের সাথে পরামর্শক্রমে নতুন করে সভাপতি মনোনয়নের জন্য ৩(তিন) জনের একটি তালিকা দিতে বলা হলো।
- এডহক কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা কলেজের ক্ষেত্রে স্নাতকোত্তর এবং স্কুলের ক্ষেত্রে স্নাতক পাশ হতে হবে।
- সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।


এডহক কমিটি নিম্নোক্ত ৪ (চার) সদস্যবিশিষ্ট হবে, যথা-

(ক) সভাপতি- মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/ অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী;

(খ) শিক্ষক প্রতিনিধি- জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্যে হইতে একজন শিক্ষক;

(গ) অভিভাবক প্রতিনিধি- জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক

মনোনীত একজন অভিভাবক; এবং  
(ঘ) সদস্য সচিব- শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (পদাধিকারবলে)।



০৩-১২-২০২৪

মর্জিনা আক্তার

চেয়ারম্যান

০২৪৭৭৭৬২৬৯৯

chairman@jessoreboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর-এর আওতাধীন অধ্যক্ষ/ প্রধান শিক্ষক।

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।
- ২। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা।
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
- ৭। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।
- ৮। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সংরক্ষণ নথি, অফিস।

